গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়
দক্ষিণাঞ্চল, খুলনা-৯০০০
http://pmgkhulna.bdpost.gov.bd

"ডাক সেবার আধুনিকায়ন
গ্রাম-শহরের সম্মিলন"

স্মারক নং- ১৪.৩১.৪৭০০.৪১৮.১১.০০১.২৪.

তারিখঃ ৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং ১৪.০০.০০০০.০০৭.১৮.০০১.১৪.৫৫ তারিখ: ১৬ মে, ২০২৪ খ্রি: এর প্রেক্ষিতে ডাক অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং ১৪.৩১.০০০০.০২৯.১১.০০১.২৪.৫৬ তারিখ: ১৯/০৯/২০২৪ খ্রি: মূলে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়, দক্ষিণাঞ্চল, খুলনা এবং এর প্রশাসনাধীন বিভিন্ন দপ্তরের শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদে এবং শর্তসাপেক্ষে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে শুধুমাত্র অনলাইনে (http://pmgsc.teletalk.com.bd) আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদের নাম, জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (স্টেনোটাইপিস্ট)<br>গ্রেড-১৪<br>(১০,২০০-২৪,৬৮০) | ৩<br>(তিন) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) সাঁটলিপিতে ইংরেজি ও বাংলায় মিনিটে ন্যূনতম গতি (প্রতি মিনিটে) যথাক্রমে ৭০ ও ৪৫ এবং কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি/টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন ইংরেজি ও বাংলায় গতি যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ থাকতে হবে; এবং<br>(ঘ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ২. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>(১০,২০০-২৪,৬৮০) | ৫<br>(পাঁচ) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি/টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন ইংরেজি ও বাংলায় গতি (প্রতি মিনিটে) যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ থাকতে হবে; এবং<br>(ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ৩. | টেকনিশিয়ান<br>গ্রেড-১৪<br>(১০,২০০-২৪,৬৮০) | ১<br>(এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেডে সার্টিফিকেট কোর্সধারী। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ৪. | কম্পাউন্ডার/ ফার্মাসিস্ট<br>গ্রেড-১৪<br>(১০,২০০-২৪,৬৮০) | ১<br>(এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত হেলথ্ ইন্সটিটিউট হতে ফার্মাসিস্ট কোর্সে সার্টিফিকেটধারী। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ৫. | ড্রাফটসম্যান<br>গ্রেড-১৫<br>(৯৭০০-২৩,৪৯০) | ২<br>(দুই) টি | কোন স্বীকৃত ইন্সটিটিউট/ প্রতিষ্ঠান হতে ড্রাফটসম্যানশীপ সার্টিফিকেটধারী। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ৬. | পোস্টাল অপারেটর<br>গ্রেড-১৫<br>(৯৭০০-২৩,৪৯০) | ১০৪<br>(একশত চার) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উত্তীর্ণ। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |

| | | | |
|---|---|---|---|
| ৭. | মেইল অপারেটর<br>গ্রেড-১৫<br>(৯৭০০-২৩,৪৯০) | ৫৩<br>(তিপ্পান্ন) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা;<br>* রাজশাহী বিভাগের সকল জেলা;<br>* রংপুর বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ৮. | ড্রাইভার (হালকা)<br>গ্রেড-১৬<br>(৯,৩০০- ২২,৪৯০) | ৪<br>(চার) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ০২ (দুই) বৎসরের হালকা/ ভারী গাড়ি চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ৯. | কম্পিউটার মুদ্রাক্ষরিক (টাইপিস্ট)<br>গ্রেড-১৬<br>(৯,৩০০- ২২,৪৯০) | ৩<br>(তিন) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি/টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন ইংরেজি ও বাংলায় গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ থাকতে হবে; এবং<br>(ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং সহ ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ১০. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>(৯,৩০০- ২২,৪৯০) | ৩<br>(তিন) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি/টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন বাংলা ও ইংরেজিতে গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ থাকতে হবে; এবং<br>(ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং সহ ই- মেইল ও ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ১১. | কার্পেন্টার<br>গ্রেড-১৬<br>(৯,৩০০- ২২,৪৯০) | ১<br>(এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড/ইন্সটিটিউট/প্রতিষ্ঠান হতে কার্পেন্ট্রীতে ট্রেড কোর্সধারী; এবং<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ১২. | মিডওয়াইফ<br>গ্রেড-১৬<br>(৯,৩০০- ২২,৪৯০) | ১<br>(এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড/ইন্সটিটিউট/প্রতিষ্ঠান হতে মিডওয়াইফারিতে ন্যূনতম ১ (এক) বৎসরের সার্টিফিকেট কোর্স সম্পন্ন। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ১৩. | পোস্টম্যান<br>গ্রেড-১৭<br>(৯,০০০- ২১,৮০০) | ১২<br>(বার) টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ তে উত্তীর্ণ। | * ফরিদপুর, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ১৪. | মেইল গার্ড<br>গ্রেড-১৭<br>(৯,০০০- ২১,৮০০) | ৫<br>(পাঁচ) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ তে উত্তীর্ণ। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা;<br>* রাজশাহী বিভাগের সকল জেলা;<br>* রংপুর বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ১৫. | স্ট্যাম্প ভেন্ডার<br>গ্রেড-১৮<br>(৮,৮০০-২১,৩১০) | ২<br>(দুই) টি | (ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | আর্মড গার্ড<br>গ্রেড-১৯<br>(৮,৫০০-২০,৫৭০) | ১<br>(এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) অস্ত্র চালনায় প্রশিক্ষণ প্রাপ্ত। | * ফরিদপুর জেলা। |
| ১৭. | প্যাকার<br>গ্রেড-১৯<br>(৮,৫০০-২০,৫৭০) | ২৬<br>(ছাব্বিশ) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ১৮. | মেইল ক্যারিয়ার<br>গ্রেড-১৯<br>(৮,৫০০-২০,৫৭০) | ১২৬<br>(একশত ছাব্বিশ) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা;<br>* রাজশাহী বিভাগের সকল জেলা;<br>* রংপুর বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ১৯. | প্যাকার কাম মেইল ক্যারিয়ার<br>গ্রেড-১৯<br>(৮,৫০০-২০,৫৭০) | ৩০<br>(ত্রিশ) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের বরিশাল, পিরোজপুর, ঝালকাঠী ও ভোলা জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ২০. | অফিস সহায়ক<br>(এমএলএসএস)<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ১৬<br>(ষোল) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা;<br>* রাজশাহী বিভাগের সকল জেলা;<br>* রংপুর বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ২১. | বাবুর্চি/এটেনডেন্ট<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ১<br>(এক) টি | ক) অষ্টম শ্রেনী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) রান্নার কাজে অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(গ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ২২. | গার্ডেনার<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ১<br>(এক) টি | ক) অষ্টম শ্রেনী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ) বাগান পরিচর্যায় অভিজ্ঞতা থাকতে হবে। | * বরিশাল বিভাগের বরিশাল, পিরোজপুর, ঝালকাঠী, ও ভোলা জেলা। |
| ২৩. | পরিচ্ছন্নতা কর্মী<br>(সুইপার)<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ১০<br>(দশ) টি | (ক) অষ্টম শ্রেনী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোট পদের শতকরা ৮০% জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকবে এবং জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাবে। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ২৪. | রানার<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ৮৬<br>(ছিয়াশি) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | * খুলনা বিভাগের যশোর, মাগুরা, নড়াইল, ঝিনাইদহ জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর,শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |
| ২৫. | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ৭<br>(সাত) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | * খুলনা বিভাগের সকল জেলা;<br>* বরিশাল বিভাগের সকল জেলা;<br>* রাজশাহী বিভাগের সকল জেলা;<br>* রংপুর বিভাগের সকল জেলা; এবং<br>* ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ জেলা। |

<u>বিশেষ দ্রষ্টব্য:</u>

পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়, দক্ষিণাঞ্চল, খুলনা এবং এর প্রশাসনাধীন বিভিন্ন দপ্তরের যে সকল পদের বিপরীতে বিজ্ঞ আদালতে মামলা বিদ্যমান আছে ঐ সকল দপ্তরের মামলা সংক্রান্ত পদ সংখ্যাসমূহ প্রাপ্ত ছাড়পত্র হতে বাদ দিয়ে এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

আবেদনের সাধারণ শর্তাবলী:

১। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত সংশোধিত বা নতুন প্রণীত বিধি-বিধান অনুসরণ করা হবে।

২। সকল পদে নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীর বয়স ২৫-০২-২০২৫ খ্রিস্টাব্দ তারিখে অবশ্যই সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনকারী প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং উপরোল্লিখিত ছকের ৫ নম্বর কলামে বর্ণিত জেলাসমূহের স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন ব্যক্তি এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নন, তবে তিনি এ নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন না।

৪। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গানার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীর পিতার/ মাতার মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা (বীরাঙ্গানা) সনদ থাকতে হবে। এক্ষেত্রে সনদ হিসেবে নিম্নের যে কোন একটি গ্রহণযোগ্য বিবেচিত হবে:

(ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬-০২-২০০২ খ্রিষ্টাব্দ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা (বীরাঙ্গানা) সনদ;

অথবা

(খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ খ্রিষ্টাব্দ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত সরকার প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ;

৫। প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্ব প্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ থাকতে হবে।

৬। প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ থাকতে হবে।

৭। কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোন ডিগ্রিকে উল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোন শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদ থাকতে হবে।

৮। অনলাইন-এ পূরণকৃত আবেদনে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গানার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

৯। প্রার্থীর যোগ্যতা যাচাই: প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরীরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় **Departmental Candidate** এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র/অনুমতিপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

১১। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত সনদপত্র/কাগজপত্রের মূলকপি প্রদর্শনসহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ১(এক) সেট ফটোকপি দাখিল করতে হবে।

(ক) সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ২ (দুই) কপি;
(খ) প্রার্থীর আবেদনে উল্লেখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রসহ);
(গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ;
(ঘ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রার্থীর স্থায়ী ঠিকানা উল্লেখসহ নাগরিকত্ব সনদপত্র;
(ঙ) ডাউনলোডকৃত প্রবেশপত্র (ADMIT CARD) ও আবেদনপত্রের (APPLICANT'S COPY) রঙিন প্রিন্ট কপি;
(চ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গানার সন্তান; ক্ষুদ্র নৃ-গোষ্ঠী; এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটার প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ছ) সরকারি, আধা-সরকারি ও স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদপত্র।

১২। প্রার্থীগণকে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://pmgsc.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদন ফরম পূরণ ও দাখিল করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৫-০২-২০২৫ খ্রিস্টাব্দ ১০:০০ টা এবং শেষ তারিখ ও সময়: ২০-০৩-২০২৫ খ্রিস্টাব্দ ১৭:০০ টা পর্যন্ত।

(ii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থীর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) যেহেতু Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থীকে শতভাগ নিশ্চিত হতে হবে।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদন submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমা দানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙ্গিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপি তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Prepaid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ১ হতে ১২ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০.০০ (একশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ১২.০০ (বার) টাকাসহ মোট ১১২.০০(একশত বার) টাকা (অফেরতযোগ্য) এবং ১৩-২৫ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০.০০ (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ৬.০০ (ছয়) টাকাসহ মোট ৫৬.০০ (ছাপ্পান্ন) (অফেরতযোগ্য) টাকা তবে, সকল গ্রেডের অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০.০০ (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬.০০ টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬.০০ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: PMGSC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: PMGSC ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type PMGSC<space>Yes<space>PIN and send to 16222

দ্বিতীয় **SMS**: **PMGSC<space>Yes<space>PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: PMGSC Yes 12345678 & send to 16222.
Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for PMGSC Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pmgsc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থীকে প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্যক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) শুধুমাত্র টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

1. User ID জানা থাকলেঃ

PMGSC<space>Help<space>User<space>User ID & send to 16222.
Example: PMGSC Help User ABCDEF & send to 16222.

2. PIN Number জানা থাকলেঃ
PMGSC<space>Help<space>PIN<space>PIN No. & send to 16222.
Example: PMGSC Help PIN 12345678 & send to 16222.

(ঝ) পত্রিকা ছাড়াও পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, দক্ষিণাঞ্চল, খুলনা এর ওয়েবসাইট http://pmgkhulna.bdpost.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ঞ) নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://pmgkhulna.bdpost.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে all.query@teletalk.com.bd ই-মেইলে অথবা ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: PMGSC), Post Name ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৩। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

২০/২/২৫
(জুবাইদা গুলশান আরা)
উর্দ্ধতন পোস্টমাস্টার
খুলনা জিপিও
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি

পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, দক্ষিণাঞ্চল, খুলনা এর ওয়েবসাইটে প্রবেশ এর **QR Code**

পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, দক্ষিণাঞ্চল, খুলনা এর টেলিটক পোর্টালের **QR Code**